সমকাল

# উত্তরা ইউনিভার্সিটিতে ভর্তি মেলা

অনলাইন ডেস্ক

প্রকাশ: ০৬ ফেব্রুয়ারি ২০২৪ | ১৯:৫০



রাজধানীর উত্তরা ইউনিভার্সিটিতে শুরু হয়েছে ভর্তি মেলা স্প্রিং-২০২৪। মঙ্গলবার মিরপুর বেড়িবাঁধ সড়কে বিশ্ববিদ্যালয়টির স্থায়ী ক্যাম্পাসের মাল্টিপারপাস হলে এর উদ্বোধন হয়।

মেলা উপলক্ষে বিশেষ ছাড়ে শিক্ষার্থী ভর্তি চলছে। এরমধ্যে সকল স্নাতক প্রোগ্রামের ভর্তি ফিতে ৩০ শতাংশ থেকে ১০০ শতাংশ পর্যন্ত ছাড় থাকছে। ডিপ্লোমা হোল্ডারদের জন্য সকল বিএসসি প্রোগ্রামের ভর্তি ফিতে ৫০ শতাংশ ছাড় মিলবে। সকল স্নাতকোত্তর প্রোগ্রামের ভর্তি ফিতে ৩০ শতাংশ থেকে ৫০ শতাংশ পর্যন্ত টিউশন ফি ছাড় দেওয়া হচ্ছে। সকল প্রোগ্রামে ইউনিভার্সিটির সাবেক শিক্ষার্থীদের পরিবার, তৃতীয় লিঙ্গ, শারীরিক প্রতিবন্ধী ও ক্ষুদ্র নৃতাত্ত্বিক গোষ্ঠীর শিক্ষার্থীদের জন্যেও বিশেষ ছাড়ে ভর্তি চলছে।

মেলায় উপাচার্য ইয়াসমীন আরা লেখা বলেন, উত্তরা ইউনিভার্সিটিতে উচ্চশিক্ষা গ্রহণের জন্য ৪০টি প্রোগ্রাম চালু রয়েছে এবং আমাদের মোটো হচ্ছে 'এক্সিলেন্স ইন হায়ার এডুকেশন এন্ড রিসার্চ'। আমরা চলমান ভর্তি মেলা স্প্রিং-২০২৪ উপলক্ষে ভর্তি ফিতে ৫০ শতাংশ ছাড় দিচ্ছি এবং ও লেভেল/এ লেভেল শিক্ষার্থীদের জন্য ৯০ শতাংশ ছাড়ে ভর্তির ব্যবস্থা করছি।

মেলার উদ্বোধনীতে আরও ছিলেন উত্তরা ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর ড. গৌর গোবিন্দ গোস্বামী এবং বিভিন্ন অনুষদের ডিন ও বিভিন্ন বিভাগের চেয়ারম্যান।

ভর্তি মেলা চলবে ২৪ ফেব্রুয়ারি পর্যন্ত। প্রতিদিন সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত। সংবাদ বিজ্ঞপ্তি।